

চন্দনাইশ পৌরসভা কার্যালয়


চন্দনাইশ, চট্টগ্রাম

হাট বাজার/কসাইখানা ইত্যাদি ইজারা বিজ্ঞপ্তি -১৪৩১ বাংলা

এতদ্বারা সর্বসাধারণ ও প্রকৃত ইজারা ডাক গ্রহণকারীদের অবগতির জন্য জানানো যাইতেছে যে, চন্দনাইশ পৌরসভা নিয়ন্ত্রণাধীন নিম্নোক্ত হাট-বাজার, কসাইখানা ইত্যাদি ১৪৩১ বাংলা সনের (১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত) জন্য ইজারা প্রদানের নিমিত্ত সিলমোহরযুক্ত খামে দরপত্র আহ্বান করা যাইতেছে। যাবতীয় শর্তসম্বলিত দরপত্র সিডিউল নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী দরপত্র গ্রহণের তারিখের পূর্বদিন পর্যন্ত যেকোন দিন অফিস চলাকালীন চন্দনাইশ পৌরসভা কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চন্দনাইশ এবং জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম হইতে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাইবে। দরপত্র গ্রহণের নির্ধারিত তারিখে কোন দরপত্র বিক্রি করা হবে না। দরপত্র গ্রহণের দিন সকাল ৯.০০টা হতে দুপুর ১:০০ টা পর্যন্ত চন্দনাইশ পৌরসভা কার্যালয়ের রক্ষিত দরপত্র বাস্তবে দরপত্র গ্রহণ করা হইবে। একই তারিখে বেলা ২.০০ ঘটিকার সময় উপস্থিত দরপত্র দাতাদের (যদি কেহ উপস্থিত থাকেন) সনুখে দরপত্র বাস্তব খোলা হইবে। নির্ধারিত তারিখে অর্থাৎ ১ম দরপত্র গ্রহণের তারিখ দাখিলকৃত দরপত্র দরপত্র বিধি অনুযায়ী গ্রহণযোগ্য না হলে কিংবা দরপত্র পাওয়া না গেলে পুনরায় পরবর্তী ধার্য তারিখে দরপত্র গ্রহণ করা হইবে। তবে যে কোন দরপত্র অনুমোদিত হইলে পরবর্তীতে উক্ত ইজারা মহাল ডাকের আওতাভুক্ত থাকিবে। ইজারা দরপত্রের সাথে পৃথকভাবে উদ্বৃত্তমূল্যের ১০০%, মূল্য সংযোজন কর হিসেবে ১৫% ও আয়কর হিসেবে ১০% সর্বমোট ১২৫% পে-অর্ডার/ব্যাংক ড্রাফট মূলে মেয়র, চন্দনাইশ পৌরসভা বরাবরে দাখিল করিতে হইবে। বিস্তারিত তথ্য অফিস চলাকালীন জানা যাইবে।

ক্রম নং	ইজারাখাতের নাম	সরকারি ডাক মূল্য	দরপত্র এর মূল্য	দরপত্র ক্রয়ের শেষ তারিখ	দরপত্র দাখিলের সময়সীমা	দরপত্র খোলার সময়
১।	বাগিচা হাট (পত্তর হাটসহ)	৮,৯৭,৮২০/-	২,৪০০/-	১ম বার ১৮/০২/২৪ খ্রি. (অফিস চলাকালীন)	১ম বার ১৯/০২/২৪ খ্রি. (দুপুর - ১.০০ পর্যন্ত)	১ম বার ১৯/০২/২৪ খ্রি. (দুপুর - ২.০০ পর্যন্ত)
২।	খাঁনহাট (কোরবানীর পত্তর হাটসহ)	১৬,১৭,১৫৫/-	৪,০০০/-			
৩।	ধানা হাট সকালের বাজার (কোরবানীর পত্তর হাটসহ)	১৩,৫৬,০৯৩/-	৩,৪০০/-	২য় বার ০৪/০৩/২৪ খ্রি. (অফিস চলাকালীন)	২য় বার ০৫/০৩/২৪ খ্রি. (দুপুর - ১.০০ পর্যন্ত)	২য় বার ০৫/০৩/২৪ খ্রি. (দুপুর - ২.০০ পর্যন্ত)
৪।	খাঁনহাট দক্ষিণ পশ্চিম দৈনিক বাজার (শনি ও বুধবার ব্যতিত) ও সকালের কোরবানীর পত্তর বাজার প্রতিদিন (দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত)	৪,৬৫,৩৪০/-	১,৬০০/-	৩য় বার ১৯/০৩/২৪ খ্রি. (অফিস চলাকালীন)	৩য় বার ২০/০৩/২৪ খ্রি. (দুপুর - ১.০০ পর্যন্ত)	৩য় বার ২০/০৩/২৪ খ্রি. (দুপুর - ২.০০ পর্যন্ত)
৫।	কসাইখানা	৬৫,৫১৪/-	৫০০/-			
৬।	খাঁনহাট এবং খাঁনহাট দৈনিক বাজারের জেনারেটর দিয়ে বিদ্যুৎ সরবরাহ	১,৮৯,৭৬৯/-	১,০০০/-			
৭।	নয়া হাট	১৭,২০৭/-	৫০০/-			

বিঃ দ্রঃ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা পৌর কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। ইজারাদার কর্তৃক প্রশাসনিক অনুমতি গ্রহণ সাপেক্ষে সকল হাট বাজারে কোরবানী পত্তর বাজার বসাইতে হইবে।



(মুঃ মাহাবুবুল আলম)

মেয়র


চন্দনাইশ পৌরসভা, চট্টগ্রাম

স্মারক নং - ০০.০০.১৫০.১৮.০১২.০১.০১১.২০২৪.৩৫

তারিখ : ১১ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
২৫ জানুয়ারি ২০২৪ খ্রিঃাব্দ

অনুলিপি : সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। জেলা প্রশাসক, চট্টগ্রাম
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, চন্দনাইশ, চট্টগ্রাম
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, চন্দনাইশ পৌরসভা, চট্টগ্রাম
- ৫। সহকারী কমিশনার (ভূমি) চন্দনাইশ, চট্টগ্রাম
- ৬। পৌর নির্বাহী কর্মকর্তা, চন্দনাইশ পৌরসভা, চট্টগ্রাম
- ৭। অফিসার ইনচার্জ, চন্দনাইশ থানা, চট্টগ্রাম
- অবগতি ও কার্যার্থে :-
- ৮। জনাব, কাউন্সিলর (সকল), চন্দনাইশ পৌরসভা
- ৯। নোটিশ বোর্ড, অগ্রাফিস
- ১০। বিজ্ঞাপন ব্যবস্থাপক, দৈনিক আজাদী, চট্টগ্রাম অত্র বিজ্ঞপ্তি ২৮/০১/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে তাঁর বহুল প্রচারিত পত্রিকায় স্বল্প পরিসরে (৭' x ৩ কলাম) ০১(এক) বার প্রকাশনা পূর্বক বিধি মোতাবেক বিল দাখিলের জন্য অনুরোধ করা হলো
- ১১। জনাব, ইজারাদার....., চন্দনাইশ পৌরসভা
- ১২। অফিস কপি/নোটিশ বোর্ড, অগ্রাফিস



মেয়র

চন্দনাইশ পৌরসভা, চট্টগ্রাম